

নাতকোত্তর অন্ত্য-সিমেষ্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেষ্টার)

বাংলা

উপন্যাস (পর্ব - ২)

কোর্স : পি.জি. - ৪.১

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

সব প্রশ্নের মান সমান।

১. ভাষা ও ঘটনাবিন্যাসের নিপুণতায় অনেক সময় চোখেই পড়ে না যে, ‘তৃঙ্গভদ্রার তীরে’ উপন্যাসের কাহিনি-কাঠামোটি দাঁড়িয়ে আছে কয়েকটি দুর্ঘটনা কিংবা আকস্মিক মুহূর্তের উপর। উপন্যাসটি সম্পর্কে এই অভিযোগ তুমি কি মানবে? যুক্তিসহ লেখো।

১০

অথবা

২. প্রাচীন হিন্দুরাজ্য বিজয়নগরের শৌর্য আর গরিমাকথন, নাকি অর্জুনবর্মা এবং বিদ্যুম্বালার অসম্ভব-প্রণয়কথা – ‘তৃঙ্গভদ্রার তীরে’ উপন্যাসে ‘কে কার অলংকার’? শরদিন্দুর অভিপ্রায় কী বলে তোমার মনে হয় যুক্তিসহ লেখো।

১০

৩. সৈয়দ মুস্তাফা সিরাজের ‘মায়ামদ্দস’ উপন্যাসে আলকাপ দলের দুই ‘ছোকরা’ শাস্তি এবং সুবর্ণ একেবারে আলাদা গোত্রের মানুষ। উপন্যাসে এই দুই চরিত্রের ভূমিকা কী – উপযুক্ত প্রসঙ্গ উল্লেখ করে বিচার করো।

১০

অথবা

(Turn over)

(2)

৪. প্রেমের এক বৈপ্লবিক সন্তানার কথা তুলেছে সিরাজের ‘মায়ামৃদঙ্গ’।  
এই উপন্যাসে আলকাপের কথা এসেছে কেবল অনুষঙ্গ হিসেবে।  
উপন্যাসটি তুমি যেভাবে পড়েছ তাতে কি এই মত গ্রহণীয় বলে মনে হয়  
তোমার? যুক্তিসহ লেখো।

১০

৫. ‘নির্বাস’ উপন্যাসটিতে বিষি থেকে বিমলপ্রভা হয়ে ওঠার বৃত্তান্তে  
দেশভাগের অভিজ্ঞতার নানা স্তর ধরা পড়েছে – এই মন্তব্যটির তাৎপর্য  
বুঝিয়ে দাও।

১০

অর্থবা

৬. লেখক মনে করেন ‘নির্বাস’ রাজনৈতিক উপন্যাস নয়, কিন্তু এই উপন্যাসে  
রাজনীতির নানান ইশারা ধরা পড়েছে। তুমি কি এই মন্তব্যের সঙ্গে সহমত  
হবে? যুক্তিসহ লেখো।

১০

৭. রামকালী ও সত্যবতীর তর্কবিতর্ক ‘প্রথম প্রতিশ্রূতি’ উপন্যাসের সম্পদ।  
এই সব তর্কের মধ্য দিয়ে পিতাপুত্রীর সম্পর্ক ছাপিয়ে রামকালী ও সত্যবতী  
কি বন্ধু হয়ে উঠেছে? তোমার অভিমত জানাও।

১০

অর্থবা

৮. উপন্যাস অবলম্বনে সত্যবতীর ধারাবাহিক বিদ্রোহের পরিচয় দাও। কোন  
বিদ্রোহটিকে তুমি সর্বাধিক সফল মনে কর যুক্তিসহ লেখো।

১০

— X —